



Police Staff College Bangladesh

Section-14, Mirpur, Dhaka-1206

Information: +88-2-802-3242-44, Fax: +88-2-802-3003
www.psc.gov.bd

স্মারক নং-পুস্টাক/১২-২০১৪/রিসার্চ/

তারিখ : /০৬/২০১৫খ্রিঃ

গবেষণামূলক লেখা আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি

পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ একটি সংবিধিবদ্ধ সরকারী প্রতিষ্ঠান যা পুলিশ স্টাফ কলেজ আইন ২০০২ এর মাধ্যমে পরিচালিত। সহকারী পুলিশ সুপার ও তদুর্ধ্ব পুলিশ কর্মকর্তাদেরকে সমসাময়িক পুলিশিং, মানবাধিকার, ব্যবস্থাপনা, জেভার, কমিউনিটি পুলিশ, টেররিজম ও ট্রান্সন্যাশনাল ক্রাইম সংক্রান্ত বিভিন্ন বিষয়ে ইন-সার্ভিস প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এছাড়াও দেশী-বিদেশী উন্নয়ন অংশীদারগণের সহায়তায় ও অংশগ্রহণে সরকারী ও বেসরকারী বিভিন্ন বিভাগ ও পর্যায়ের কর্মকর্তাগণকে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ ২০০০ সাল থেকে বিবিধ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করে আসছে।

পুলিশ স্টাফ কলেজ আইন ২০০২ এর ধারা ৪ অনুযায়ী পুলিশ বিষয়ক শিক্ষা, প্রশিক্ষণ ও গবেষণা পরিচালনা করা পুলিশ স্টাফ কলেজের মূখ্য কার্যক্রম। সাম্প্রতিক চাহিদার আলোকে পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ এর পক্ষ থেকে 'PSC Journal' শিরোনামে দ্বিবার্ষিক গবেষণা সাময়িকী প্রকাশ করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে ৪টি সংখ্যা প্রকাশ করা হয়েছে। আগামী সেপ্টেম্বর ২০১৫খ্রিঃ মাসে ভল্যুম-২ ইস্যু ২ সংখ্যাটি প্রকাশ করা হবে। গবেষণা সাময়িকীটিতে অপরাধ ও তদন্ত, মানবাধিকার, ব্যবস্থাপনা, সামাজিক শৃঙ্খলা ও উন্নয়ন কর্মকান্ড এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে জননিরাপত্তা সংক্রান্ত বিভিন্ন বিষয় অন্তর্ভুক্ত হবে।

প্রবন্ধ লেখা, জমা, ও গ্রহণের (একসেপ্ট্যান্স) নিয়মাবলীঃ

১. লেখা ইংরেজী ভাষায় হতে হবে।
২. 'প্রবন্ধটি পৃষ্ঠার চারপার্শ্বে ১ ইঞ্চি' মার্জিন রেখে এক পৃষ্ঠায় 'Time New Roman' ফন্টে ১২ পয়েন্ট সাইজে ডাবল স্পেসে কম্পিউটারে মুদ্রিত হতে হবে।
৩. প্রবন্ধের কভার পেজে প্রবন্ধের শিরোনামসহ লেখকের নাম, পদবী, ঠিকানা উল্লেখ করতে হবে। যে পৃষ্ঠা থেকে প্রবন্ধ শুরু হবে সেখানে প্রথমেই প্রবন্ধের শিরোনাম থাকবে তবে কোনভাবেই লেখক (গণের) নাম থাকবে না।
৪. প্রত্যেক লেখার শুরুতে অনধিক ১৫০-২০০ শব্দের মধ্যে প্রবন্ধের সংক্ষিপ্তসার (Abstract) উপস্থাপন করতে হবে।
৫. সাইটেশন, ফুটনোট, রেফারেন্স ইত্যাদির জন্য আমেরিকান সাইকোলজিক্যাল এসোসিয়েশন (এপিএ) স্টাইল ব্যবহার করতে হবে। এজন্য লেখককে এপিএ-এর ওয়েবসাইট কনসাল্ট করার জন্য অনুরোধ করা হলো।
৬. মূল কপি সহ পাণ্ডুলিপি ২(দুই) সেট Editor, PSC Journal বরাবরে পাঠাতে হবে। মূল পাণ্ডুলিপি সঙ্গে সিডিতে অথবা E-mail Address: psc@psc.gov.bd, or dc_shahjahan@yahoo.com এ সফট কপি প্রেরণ করতে হবে। প্রেরিতব্য সিডিতে লেখক, প্রবন্ধ ও সংশ্লিষ্ট ফাইলের নাম উল্লেখ করতে হবে। সিডি ও প্রবন্ধ পাঠানোর ঠিকানাঃ এডিটর, পিএসসি জার্নাল, পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।
৭. প্রবন্ধটি মৌলিক এবং অন্য কোন কোথাও প্রকাশিত হয়নি বা প্রকাশের জন্য প্রেরিত হয়নি-এ মর্মে প্রবন্ধের সাথে একটি প্রত্যয়ন প্রদান করতে হবে।
৮. জমাকৃত প্রবন্ধের বিষয়ে পুলিশের বিশেষ শাখা কর্তৃক অনাপত্তি জ্ঞাপন সংগ্রহ করা হবে।
৯. অনাপত্তি প্রাপ্তির পর জমাকৃত প্রবন্ধ এডিটোরিয়াল বোর্ডের সিদ্ধান্তক্রমে একজন রিভিউয়ারের (গোপনীয়) নিকট রিভিউ এর জন্য প্রেরিত হবে। রিভিউয়ার এবং এডিটোরিয়াল বোর্ডের মতানুসারে প্রয়োজনে সন্তোষজনক সংশোধন সাপেক্ষে প্রবন্ধ প্রকাশের জন্য গৃহিত হবে অথবা প্রকাশযোগ্য নয় বলে বিবেচিত হবে। রিভিউয়ার এবং এডিটোরিয়াল বোর্ডের অনুকূল মতানুসারে প্রবন্ধ প্রকাশের জন্য গৃহিত হলে লেখককে 'একসেপ্ট্যান্স লেটার' দেয়া হবে।
১০. লেখা প্রকাশিত হলে লেখক PSC Journal এর ৫টি সৌজন্য কপি প্রাপ্ত হবেন।
১১. মুদ্রিত প্রবন্ধের জন্য লেখককে বোর্ড কর্তৃক নির্ধারিত হারে সম্মানী প্রদান করা হবে।
১২. সকল ক্ষেত্রে সম্পাদনা পরিষদের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৩. PSC Journal প্রতিবছর ফেব্রুয়ারী ও সেপ্টেম্বর মাসে প্রকাশিত হবে। লেখা পাঠানোর শেষ সময় ফেব্রুয়ারী সংখ্যার জন্য ৩০ ডিসেম্বর এবং সেপ্টেম্বর সংখ্যার জন্য ৩০ জুলাই।

আপনার ইউনিটের ওয়েবসাইটে এবং নোটিশ বোর্ডে PSC Journal-এর লেখা আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তিটি প্রচার করার জন্য আদিষ্ট হয়ে বিনীত অনুরোধ করা হলো।

আপনার সহযোগিতা জার্নাল প্রকাশের ক্ষেত্রে আমাদেরকে অনুপ্রাণিত করবে।

শুভেচ্ছান্তে
আপনার একান্ত

প্রাপক

(মোহাম্মদ শাহজাহান পিপিএম)
পরিচালক (রিসার্চ, প্ল্যানিং এন্ড ইভালুয়েশন)
পক্ষে-রেস্ট্রর
পুলিশ স্টাফ কলেজ বাংলাদেশ
ফোনঃ ৮০৩৪৯৯১